আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা - ১৩৪১।
পরিচালক (প্রশাসন) এর দপ্তর
www.blri.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০২০৪.২১.৭৮৩

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জনাব মো. আসিফ হোসেন জিহাদী, বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই কে চাকরি হতে অপসারণ (Removal from Service) প্রসংগে।

আপনি জনাব মো. আসিফ হোসেন জিহাদী, বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি বিধানের আলোকে অনুপস্থিতির কারণ জানতে চেয়ে বিএলআরআই কর্তৃপক্ষ আপনাকে পর্যায়ক্রমে ০৩ (তিন) বার কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করে (সংযুক্তি-১); এবং

২। যেহেতু, আপনি উক্ত নোটিশসমূহের কোনোরূপ জবাব দাখিল না করায় বিএলআরআই কর্তৃপক্ষ ০৭/০৬/২০২৬ খ্রি. তারিখের ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০২০৪.২১.৩২০ সংখ্যক পত্রে আপনার বিরুদ্ধে অভিযোগ বিবরণী এবং ৩০/০৬/২০২৬ খ্রি. তারিখের ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০২০৪.২১.৩৮৩ সংখ্যক পত্রে অভিযোগনামা গঠন করে (সংযুক্তি-২)। পরবর্তীতে উক্ত অভিযোগ তদন্তের জন্য গত ০৯/০৮/২০২৬ খ্রি. তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় (সংযুক্তি-৩)। তদন্ত কমিটি গত ০৪/১০/২০২৬ খ্রি. তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন (সংযুক্তি-৪)। তদন্ত কমিটি আপনাকে শৃঙ্খলা ভঙ্গ ও পলায়নের দায়ে অভিযুক্ত করেছেন; এবং

৩। যেহেতু, বিভাগীয় মামলা রুজু করে আপনার ব্যক্তিগত নথিতে রক্ষিত স্থায়ী ঠিকানা ও দাপ্তরিক ঠিকানায় ডাকযোগে এবং ই-মেইলে কারণ দর্শানোর নোটিশ এবং অন্যান্য পত্রের কপি প্রেরণ করা হয়েছে; কিন্তু আপনি কর্তৃপক্ষের কারণ দর্শানো ও অন্যান্য পত্রের যথপোযুক্ত জবাব প্রদান করেননি; এবং

৪। যেহেতু, বিএলআরআই কর্তৃপক্ষ আপনাকে আত্মপক্ষ সমর্থনের জন্য অথবা আপনার স্বপক্ষে যুক্তিতর্ক উপস্থাপন বা স্বাক্ষী-সবুদ উপস্থাপন করার জন্য পত্র ও সময় দিলেও আপনি তাতে কোনো ধরণের সারা প্রদান করেননি; যা বিএলআরআই কর্তৃপক্ষের নির্দেশের অবজ্ঞার শামিল বলে প্রতীয়মান হয়েছে; এবং

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগ পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ এর ৩৮ ধারা ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪ নং ধারায় বর্ণিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে আরোপকৃত শৃঙ্খলা ভঙ্গকরণ এবং পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে চাকরি থেকে অপসারণ করা হবে মর্মে পত্রের মাধ্যমে অবগত করা হয় এবং উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার কোনো জবাব থাকলে তা ০৭ কার্য দিবসের মধ্যে প্রদান করার জন্য বলা হলেও আপনি কর্মস্থলে ফেরত আসেননি বা কোনরূপ জবাবও প্রদান করেননি, এবং

৭। সেহেতু, পশুসম্পদ গবেষণা ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৬ এর প্রবিধি-৩৮ এর (আ) (চ) উপপ্রবিধি মোতাবেক আপনাকে গত ০৯/০৯/২০২৫ খ্রি. তারিখ থেকে ইনস্টিটিউটের চাকরি হতে অপসারণ (Removal from Service) করা হলো।

১১-১১-২০২৬
ড. শাকিলা ফারুক
মহাপরিচালক (সা. দা.)
ফোন : +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৬
ফ্যাক্স : +৮৮ ০২ ২২৪৪৯১৬৭৫
ইমেইল : dg@blri.gov.bd

জনাব মোঃ আসিফ হোসেন জিহাদী, বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এবং প্রযত্নে- পিতা- মো. জাকির হোসেন, গ্রাম- পূর্ব গোহাইল কান্দি, ডাকঘর- ময় মনসিংহ সদর, জেলা- ময়মনসিংহ। মোবাইল- ০১৩৩৫১১৯০৯৬।

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.০০০.২০১.৪৪.০২০৪.২১.৭৮৩/১ (৮)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক (গবেষণা) (রুটিন দায়িত্ব), পরিচালক গবেষণা এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৩। সকল বিভাগীয় প্রধান/কেন্দ্র প্রধান, বিএলআরআই, সাভার, ঢাকা-১৩৪১।
৪। সকল স্টেশন ইনচার্জ, বিএলআরআই।
৫। সকল শাখা প্রধান, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বিএলআরআই, সাভার, ঢাকা।।
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৭। ট্রান্সপোর্ট সুপারভাইজার, যানবাহন শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।
৮। উচ্চমান সহকারী (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট।

১১-১১-২০২৬
ড. এ বি এম মুস্তানুর রহমান
অতিরিক্ত পরিচালক